জীবননগর সীমান্ত ইউনিয়নে রাস্তা সংস্কার করলেন জামায়াতের নেতাকর্মীরা

চুয়াডাঙ্গায় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে এক কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে।ইউনিয়নের ২নং ওয়ার্ডের ১ কিলোমিটার রাস্তাটি সংস্কারের অভাবে তিন গ্রামের প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হতো।

আজ শুক্রবার সকাল ১০ টায় সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে জামায়াতের নেতাকর্মীরা গ্রামবাসীর সহযোগিতায় রাস্তাটির সংস্কার করেন। জামায়াত ইসলামের নেতাকর্মীদের সূত্রে জানা যায়,সীমান্ত ইউনিয়ন ২নং ওয়ার্ডের গোয়ালাপাড়া প্রাইমারি স্কুলের পাশ হতে এক কিলোমিটার রাস্তা বছরের পর বছর সংস্কারের অভাবে চলাচলে অনুপযোগী হয়ে পড়ে।

যার কারণে তিন গ্রামের মানুষসহ দুইটা প্রাইমারি স্কুল, তিনটা মাদ্রাসা, একটি বিনোদন কেন্দ্রে প্রতিদিন কয়েক হাজার মানুষ চলাচল করে। কিন্তু সংস্কারের অভাবে রাস্তাটি চলাচলের অনুপযোগী হাওয়াই প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হচ্ছে।বিষয়টি জামায়াত ইসলামের নেতাকর্মীদের নজরে এলে তাঁরা বারবার কর্তৃপক্ষকে বলার পরেও রাস্তাটি সংস্কার হয় না। ফলে সবাই মিলে ইট-বালু দিয়ে রাস্তা সংস্কার করে, মানুষের জন্য চলাচলের উপযোগী করে তোলেন।এসময় উপস্থিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন আমির মাওলানা মোঃ আবু বক্কর সিদ্দিক, সেক্রেটারী আলা উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জালাল উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জহুর আলম, আরো উপস্তিত ছিলেন সীমান্ত ইউনিয়নের ২নং ওয়ার্ড নেতৃবৃন্দ।

জীবননগর সীমান্ত ইউনিয়ন বিএনপির কর্মী সমাবেশ

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৩টার সময় সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির আয়োজনে গোয়ালপাড়া সিরাজ মিয়ার বাড়ির সামনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বার আব্দুস সামাদের সভাপতিত্বে কর্মী সমাবেশ সংস্থানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাজাহান আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ৪ নাম্বার সীমান্ত ইউনিয়ন বিএনপির সভাপতি ওসমান গনি, সাধারণ সম্পাদক বদর উদ্দিন বাদল, সহ-সভাপতি বিপ্লব রহমান, সাংগঠনিক সম্পাদক আইয়ুব আলী, যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাসান টিটু, ২নং ওয়াড বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সহ-সভাপতি শহীদ মন্ডল, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সুমন মোল্লা, সীমান্ত ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি শামীম রেজা প্রমুখ।

দামুড়হুদায় সুধী সমাজের ব্যক্তিদের সাথে নবাগত ইউএনওর মতবিনিময়

দামুড়হুদায় নবাগত উপজেলা নির্বাহী অফিসারের সাথে সুধী সমাজের ব্যক্তিবৃন্দের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নবাগত উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে

মতবিনিময় সভায় বক্তব্য রাখেন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল ইসলাম তনু, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল আব্দুল কাদের, উপজেলা জামাতের আমীর নায়েব আলী, সেক্রেটারি জেনারেল আবেদ উদৌলা টিটন, সহকারী সেক্রেটারী জেনারেল আব্দুল গফুর, আব্দুল ওদুদশাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, এনজিও প্রতিনিধি ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দীন, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, উপজেলা ইসলামি আন্দোলনের সভাপতি এনামুল কবীর, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মুফতী মামুনুর রশীদ, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি উত্তম রঞ্জন দেবনাথ, দামুড়হুদা বাস স্টান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন।

সভায় বক্তরা বলেন, ভারতীয় আগ্রাসন ও সীমান্ত হত্যাবন্ধ, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার মান উন্নয়ন, তিন ফসলী জমি রক্ষা, সরকারি সম্পত্তি ও হাঁট-বাজার দখল মুক্তকরণ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দালাল মুক্তকরণ, মাদক, চোরাকারবারি, চাঁদাবাজ, চিহ্নিত সন্ত্রাসীদের গ্রেফতার, অবৈধ অস্ত্র উদ্ধার, সড়ক সংস্কার, সাম্রদায়িক- সম্প্রীতি বজায় রাখা, আইন শৃঙ্খলার উন্নয়নসহ সমাজের অবহেলিত পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা নিশ্চিত করণের উপর গুরুত্বরোপ করে আলোচনা করেন। উপজেলা নির্বাহী অফিসার মোছাঃ মমতাজ মহল ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির উপরোক্ত বক্তব্যের আলোকে সকল সমস্যা সমাধানের জন্য উপস্থিত সকল সূধীবৃন্দের সহযোগীতা কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা জাতীয় পার্টির সভাপতি আশরাফ আলী মল্লিক, সাধারণ সম্পাদক জামাল উদ্দিন, দামুড়হুদা থানা যুবদলের আহবায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, দর্শনা থানা যুবদলের আহবায়ক জালাল উদ্দীন লিটন, সদস্য সচিব মিলন মোল্লা, দর্শনা পৌর যুবদলের সদস্য সচিব জালাল উদ্দীন, উপজেলা সেচ্ছাসেবক দলের আহবায়ক ইকরামূল হক, দর্শনা কৃষক দলের আহবায়ক আশরাফুল হক বিপ্লব, উপজেলা ছাত্রদলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সদস্য সচিব এম ডিকে সুলতান, দর্শনা পৌর ছাত্র দলের সদস্য সচিব ফরহাদ হোসেন সহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ,

শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধি, কবি সাহিত্যিক পরিষদের প্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা সমাজসেবা অফিসার হারুন অর রশীদ।

দামুড়হুদায় সাংবাদিকদের সাথে নবাগত ইউএনওর মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলায় কর্মরত সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

আজ বৃহস্পতিবার বিকেল ৪টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নবাগত দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল।

দামুড়হুদা উপজেলা পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি মোঃ শামসুজ্জোহা পলাশ, সাধারণ সম্পাদক মুরশেদ বীর ফয়সাল তানজির, সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, যুগ্ন সম্পাদক সাজিদ হাসান সোহাগ, নির্বাহী সদস্য মেহেদী হাসান মিলন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের দপ্তর সম্পাদক এসএম সুজন, নির্বাহী সদস্য তাছির আহমেদ, হাবিবুর রহমান, সদস্য শাহাজালাল বাবু, হেলাল উদ্দিন, এম ডি কে সুলতান, সাংবাদিক হাতেম আলী, আল সাফায়েত হোসেন প্রমুখ।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল বলেন, সাংবাদিকরা সমাজের দর্পন। আর আমার একার পক্ষে এ উপজেলার সমস্ত বিষয়ে খোঁজখবর রাখা সম্ভব নাই। সাংবাদিকদের বস্তু, নিষ্ঠ লেখনীর মাধ্যমে পুরো উপজেলার চিত্র দেখতে চাই। তিনি আরো বলেন, এ উপজেলার সাংবাদিকরা সাহসের সাথে সঠিক, সত্য যাচায় করে সত্য প্রচার করবে। তাতে যদি কোনো সাংবাদিক কে যেকেউ বিপদে ফেলার

চেষ্টা করে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। সাংবাদিকরা সমাজের দর্পণ তারা সব সময় সত্যের পক্ষ থেকে রাষ্ট্রের সমস্যা চিহ্নিত, ও তা দূরীকরণে কাজ করবে এমনটা প্রত্যাশা করেন তিনি।

দর্শনায় ট্রেনেকাটা অজ্ঞাত যুবতীর লাশ উদ্ধার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা হল্ট স্টেশনের অদুরে ট্রেনেকাটা অজ্ঞাত যুবতীর লাশ উদ্ধার করেছে দর্শনা হল্ট ষ্টেশন জিআরপি পুলিশ। ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার (২৫ সেপ্টেম্বর) দিবাগত রাতে বা ভোরে। লাশ উদ্ধার করে মর্গে পাঠিয়েছে জি আর পি পুলিশ।

দর্শনা হল্ট জি আর পি পুলিশ জানায় রাতে বা ভোরের দিকে যাতায়াত কারি পার হওয়ার সময় ট্রেনেকেটে (নকশিকাঁথা, সিমান্ত, চিত্রা)অজ্ঞাত (৩০) বছর বয়সি এক যুবতির লাশ পড়ে থাকতে দেখে এলাকাবাসি। পরে হল্ট জি আর পি পুলিশকে খবর দেয়। খবর পেয়ে জিআরপি পুলিশ আজ বৃহস্পতিবার (২৬ সেপ্টেম্বর) সকালে লাশ উদ্ধার করে।

দর্শনা জি আর পি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আতাউর রহমান জানান লাশের কোন পরিচয় না পাওয়ায় ঐদিন সকাল ১১ টার দিকে লাশ উদ্ধার করে চুযাডাঙ্গা মর্গে পাঠানো হয়েছে। মর্গে অজ্ঞাত মহিলার লাশ ময়না তদন্ত সম্পর্ন হয়েছে। তবে এ রিপোর্ট লেখা পর্যন্ত অজ্ঞাত মহিলার পরিচয় পাওয়া যায়নি। লাশটি চুয়াডাঙ্গা মর্গে পড়ে আছে।

নবাগত জেলা প্রশাসকের সাথে

চুয়াডাঙ্গার গণমাধ্যমকর্মীদের মতবিনিময়

চুয়াডাঙ্গা নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জহিরুল ইসলাম এর সাথে জেলার গণমাধ্যমকর্মীদের মতবিনিময় ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল ১১ টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে জেলার গণমাধ্যম কর্মীদের সাথে পরিচিতি হোন নবাগত জেলা প্রশাসক। এরপর জেলা সমস্যা সম্ভাবনা নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন নবাগত জেলা প্রশাসকের কাছে গণমাধ্যম কর্মীরা।

এসময় গণমাধ্যম কর্মীদের মধ্যে জেলার সমস্যা ও সম্ভাবনা নিয়ে বিভিন্ন বিষয় তুলে ধরেন, দৈনিক পঞ্চিমাঞ্চলের সম্পাদক ও চুয়াডাঙ্গা সাংবাদিক ঐক্য পরিষদের আহ্বায়ক আজাদ মালিতা, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি ও কালের কণ্ঠের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি অ্যাড. মানিক আকবর, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি ও চ্যানেল আই চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রাজিব হাসান কচি, দৈনিক সময়ের সমীকরণের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, জিটিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রিফাত রহমান, চ্যানেল-২৪ টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রেজাউল করিম লিটন, বাংলা টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মামুন মোল্লা, এস এ টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি বিপুল আশরাফ, ডিবিসি টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি কামরুজ্জামান সেলিম, প্রথম আলোর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি, এন টিভির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি রফিকুল ইসলাম, দৈনিক সংগ্রামের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এফ.এ আলগীর, দৈনিক শেয়ারবিজ পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মফিজুর রহমান জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা স্থানীয় দৈনিক সময়ের সমীকরণ নিজস্ব প্রতিবেদক ও আজকের পত্রিকার চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি মেহেরাব্বিন সানভি, দৈনিক আকাশ খবরের নিজস্ব প্রতিবেদক শেখ লিটন, এখন টিভি চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি অনিক চক্রবর্তী, প্রমুখ।

শেষে নবাগত চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম

বলেন, সবার সহযোগীতা পেলে চুয়াডাঙ্গা নতুন ভাবে গড়া যাবে। চুয়াডাঙ্গার বিভিন্ন যে উন্নয়ন মূলক যে প্রকল্প হয়। ওই প্রকল্প গুলো যাতে সঠিক ভাবে বাস্তবায়ন হয় তা নজরদারি করা হবে। স্বচ্ছ থেকে প্রতেকটা কাজ অব্যাহত থাকবে। এই জেলার সব সরকারি দপ্তর যেন ভালোভাবে দূর্নীতি মুক্ত করে সুন্দর ভাবে কাজ করে সে জন্য দেখভাল করা হবে। জেলার সব সমস্যা সম্ভাবনা নিয়ে কাজ করা হবে। সব কাজে সবার সহযোগীতা চাই। তথ্য আদান প্রদানের জন্য সবাইকে স্বচ্ছ থাকতে হবে। নতুন ভাবে পরিবর্তন করতে হবে সব কিছু। কেউ কোন দপ্তরের কোন কর্মকর্তা যদি অনৈতিক কাজ করে তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান, স্থানীয় সরকারের উপপরিচালক শারমিন আক্তার, সিনিয়র সহকারী কমিশনার রেজওয়ানা নাহিদ, সহকারী কমিশনার সাইফুল ইসলাম সাইফ, প্রমুখ।

চুয়াডাঙ্গায় শিক্ষার্থীদের সাথে নিরাপদ সড়ক চাই এর সচেতনতা সভা

সড়কে চলাচলের গুরুত্ব বিষয়ে শিক্ষার্থীদের নিয়ে এক সভা করেছে ‘নিরাপদ সড়ক চাই’ চুয়াডাঙ্গা জেলা শাখা। আজ বুধবার (২৫ সেপ্টেম্বর) দুপুরে চুয়াডাঙ্গার দৌলাতদিয়াড় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ‘নিরাপদ সড়ক চাই’ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি এ্যাডভোকেট মানিক আকবর।

বিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে সভায় বক্তারা বলেন, নিরাপদে পথ চলার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। বাড়ী থেকে স্কুল কিম্বা অন্য কোথাও যাওয়ার ক্ষেত্রে রাস্তার দুপাশে দেখে-বুঝে রাস্তা পার হতে হবে। কোনোক্রমেই তাড়াহুড়ো করা যাবে না। বাড়ী

কিম্বা স্কুল থেকে দৌঁড়ে রাস্তায় উঠে আসা যাবে না। সাবধানে পথ চললে সড়ক নিরাপদ হবে এবং দূর্ঘটনা কমিয়ে আনা সম্ভব হবে।

সভায় নিরাপদ সড়ক চাই চুয়াডঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক হোসেন জাকির বলেন, পরিবারের কোনো সদস্য যদি মোটরসাইকেল নিয়ে বাড়ির বাইরে যান তাকে অবশ্যই হেলমেট নেওয়ার কথা মনে করিয়ে দিতে হবে।

সভায় অন্যান্যদের মধ্যে বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও নিরাপদ সড়ক চাই চুয়াডাঙ্গা জেলা কমিটির সাংগঠনিক সম্পাদক শামিম হোসেন, নিরাপদ সড়ক চাই চুয়াডাঙ্গা জেলা কমিটির দপ্তর সম্পাদক শেখ লিটন, যুগ্ম- সম্পাদক বিপ্লব হোসেন, বিদ্যালয়ের শিক্ষক উজ্জল হোসেন, আব্দুস সামাদ প্রমুখ উপস্থিত ছিলেন।

জীবননগরে শ্রমিক কল্যাণ ফেডারেশনের কর্মী সমাবেশ

জীবননগরের শ্রমিক কল্যাণ ফেডারেশনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে জীবননগর কলেজ মাঠে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, জীবননগর উপজেলা শাখার উদ্যোগে কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা শাখার সভাপতি শ্রমিক নেতা আতিয়ার রহমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমির ও শ্রমিক কল্যাণ ফেডারেশনের প্রধান উপদেষ্ঠা এডভোকেট রুহুল আমীন।

এতে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, জেলার অন্যতম উপদেষ্টা এডভোকেট আসাদুজ্জামান, শ্রমিক ফেডারেশনের চুয়াডাঙ্গা জেলা সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, উপদেষ্টা জিয়াউল হক, মাওলানা সাজেদুর রহমান, জেলা সেক্রেটারী মাহফুজুর রহমান, অধ্যক্ষ সাখাওয়াত হোসেন, ইমাম আশাবুল হক, হাফেজ ফিরোজ হোসেন, সাংবাদিক মাজেদুর রহমান লিটন, ব্যবসায়ী জাহিদুর রহমান, উপজেলা সেক্রটারি শ্রমিক নেতা সুলতান আহাম্মদ, মাওলানা মফিজুর রহমান, ইউপি সদস্য

আরেফিন হোসেন, শ্রমিক নেতা সিরাজুল ইসলাম ও মাহবুব হোসেন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন শ্রমিক নেতা ইব্রাহিম খলিল।

আলমডাঙ্গায় শিক্ষা প্রতিষ্ঠান জাতীকরণ দাবীতে শিক্ষক পরিবারের মানববন্ধন

আলমডাঙ্গায় বৈষম্য দুরিকরনে মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জাতীকরণ, জাতীয়করণের পুর্ব পর্যন্ত শিক্ষা প্রশাসনের বিভিন্ন পদে সরকারি স্কুলের শিক্ষকদের পদায়ন বন্ধ রাখা ও শিক্ষা সংস্কার কমিশন গঠনের দাবীতে মানববন্ধন ও স্বরকলিপি পেশ করা হয়েছে।

গতকাল আলমডাঙ্গা উপজেলা পরিষদের সামনের রাস্তায় মানববন্ধন পুর্ব আলোচনা সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা একাডেমিক সুপার ভাইজার ইমরুল হক।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার জিয়াউল হক।তিনি বলেন সমগ্র বাংলাদেশে বেসরকারি স্কুলে যে ভাবে লেখাপড়া করান হয়, সেভাবে কিন্ত সরকারি স্কুলে হয় না, তারপরও এই সব শিক্ষকরা বৈষম্যের শিকার, আজ একই দিনে সমগ্র বাংলাদেশ ব্যাপি বেসরকারি স্কুল ও মাদ্রাসার শিক্ষক বৃন্দ মানব বন্ধন ও স্বারক লিপি প্রদান কর্মসুচি পালন করেছে। আমাদের পার্শবতি দেশ ভরতে শিক্ষকদের জাতীয়করন করা হয়েছে, আমাদের প্রতিটি স্কুলে যে ফিসের টাকা আদায় হয় এবং অন্যান্ন খাতে যে টাকা আয় হয় সেগুলো সরকারি ফান্ডে জমা করলে শিক্ষকদের দাবি পুরন করতে সরকারকে আলাদা টাকা খরচ করতে হবে না, যদি হয় তা যতসামান্ন। তাই শিক্ষক বৃন্দের দাবি সময়োপযোগী দাবি হিসেবে প্রধান উপদেষ্টা মহদয়কে মেনে নেওয়ার অনুরোধ করেন। প্রধান শিক্ষক আবু তৈয়বের উপস্থাপনায় বক্তব্য রাখেন প্রধান শিক্ষক আবুল কাশেম মোল্লা, প্রধান শিক্ষক আনোয়ার রশিদ সাগর, প্রধান শিক্ষক আব্বাস উদ্দিন, প্রধান শিক্ষক রফিকুল ইসলাম,প্রধান শিক্ষক নুরুল ইসলাম দিপু, প্রধান শিক্ষক আলহাজ্ব

মনিরুজ্জামান, প্রধান শিক্ষক ফজলুল হক শামিম, মাদ্রাসার অধ্যক্ষ সিরাজুল ইসলাম, অধ্যক্ষ আব্দুল লতিফ, প্রধান শিক্ষক আবরদুল হামিদ, প্রধান শিক্ষক ফরিদুল ইসলাম, সহকারি শিক্ষক রহিদুল ইসলাম, সহকারি শিক্ষক বিপ্লব প্রমুখ।

দর্শনায় বিজিবির অভিযান সাড়ে ২৩ লাখ টাকাসহ আটক ২

চুয়াডাঙ্গার দর্শনায় বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে হুন্ডির ২৩ লাখ ৪৮ হাজার টাকাসহ দু’জনকে আটক করেছে।

গতকাল মঙ্গলবার দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামে অভিযান চালিয়ে হুন্ডির টাকাসহ দু’জনকে আটক করে বিজিবি।

আটককৃতরা হলো- চুয়াডাঙ্গা জেলার সুবদিয়া গ্রামের কাশেম আলীর ছেলে মো. আরিফুল ইসলাম (২৬) এবং একই জেলার জয়নগর গ্রামের মৃত মস্তর আলীর ছেলে মো. শওকত (৫২)।

গতকাল মঙ্গলবার রাত সারে ৭ টার সময় বিজিবির চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমানের (পিএসসি) পক্ষ থেকে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে গণমাধ্যম কর্মীদেরকে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।
প্রেস বিজ্ঞপ্তিতে আরো বলা হয়েছে মঙ্গলবার দুপুর সাড়ে ১২ গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ ব্যাটালিয়নের অধিনস্থ দর্শনা বিওপির টহল কমান্ডার নায়েক মো. জিয়াউর রহমানের নেতৃত্বে একটি বিশেষ টহল দল চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্ত হতে আড়াই কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে শ্যামপুর তিন রাস্তার মোড়ে অবস্থান নেয়। দুপুর সাড়ে ১২ টার দিকে দু’জন ব্যক্তি একটি মোটরসাইকেলযোগে সীমান্ত এলাকা দিয়ে দর্শনার দিকে আসতে দেখলে বিজিবি সদস্যরা তাদেরকে চ্যালেঞ্জ করে।

এ সময় বিজিবি টহল দলের উপস্থিতি টের পেয়ে তারা পালানোর চেষ্টা

করলে বিজিবি সদস্যরা ধাওয়া করে একটি কালো রঙের ব্যাগসহ তাদেরকে আটক করে। পরবর্তীতে আটককৃত আসামীসহ ব্যাগটি তল্লাশি করে নগদ ২৩ লাখ ৪৮ হাজার ১০০ টাকা, ১ টি মোটরসাইকেল এবং ২টি মোবাইল ফোন উদ্ধার করে। আটক দু’জনকে টাকাসহ দর্শনা থানায় হস্তান্তর করতঃ তাদের বিরুদ্ধে মামলা দায়েরের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।